দৈনিক ইনকিলাব 112

তারিখ 2 APR 1987
পৃষ্ঠা ... ৮ কলাম ১ ...

ডকুমেন্টেশন

# উপজেলা পরিক্রমা

## মৌলভীবাজার সদর

মৌলভীবাজার, ১ এপ্রিল (সংবাদদাতা)।— বহু ইতিহাস ও ঐতিহ্যের অধিকারী ও উপ-মহাদেশের খ্যাতনামা অলি-আওলিয়াদের পূর্ণ স্মৃতিবিজড়িত প্রাকৃতিক সৌন্দর্যের অপরূপ লীলাভূমি। বহু প্রাকৃতিক সম্পদের অধিকারী মৌলভীবাজার জেলার সদর উপজেলা মৌলভীবাজার। মৌলভীবাজার ১৮৮২ সালে দক্ষিণ সিলেট মহকুমা নামে আখ্যায়িত ছিল। শতাব্দীর অভিজ্ঞতা ও সমৃতি নিয়ে মৌলভীবাজার বর্তমানে জেলা সদর হিসেবে পরিচিত।

১৩২ বর্গমাইল আয়তনবিশিষ্ট এ উপজেলায় ৪৩১টি গ্রাম, ১২টি ইউনিয়ন ও ১টি পৌরসভা আছে। সদর উপজেলার সীমানা হচ্ছে উত্তরে সিলেট জেলার বালাগঞ্জ উপজেলা ও মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলা, দক্ষিণে শ্রীমঙ্গল উপজেলা, পূর্বে কমলগঞ্জ ও পশ্চিমে হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলা। এ উপজেলার লোক সংখ্যা ২ লাখ ৪ হাজার ১০৩ জন। এর মধ্যে পুরুষ ১,০৫,৭৮২ জন ও মহিলা ৯৮,৩২১ জন।

### কৃষি

এ উপজেলার সমতল ও হাওর এলাকার ভূমি কৃষি উপযোগী। উপজেলায় মোট জমির পরিমাণ ৮৪,৪৮০ একর। কৃষিযোগ্য জমির পরিমাণ ৫০,০০০ একর। সেচ যোগ্য জমির পরিমাণ ৫,২০০ একর। অনাবাদী জমির পরিমাণ ২৩ হাজার একর। ধানী জমির পরিমাণ ৩,১৩২ একর। বনাঞ্চল ৩১৪৮ একর।

### শিক্ষা

উপজেলায় সরকারী কলেজ ১টি, মহিলা কলেজ ১টি, হাইস্কুল ১৫টি, বালিকা হাইস্কুল ২টি, সরকারী প্রাইমারী স্কুল ১৬৬টি, বেসরকারী প্রাইমারী স্কুল ১৫টি ও শিশু বিদ্যালয় ২টি। মক্তব ৩০০টি, মাদ্রাসা ১০টি, হাফিজিয়া মাদ্রাসা ৮টি, এতেদায়ী মাদ্রাসা ১০টি, টোল ১টি। প্রায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে আর্থিক, শ্রেণীকক্ষ ও শিক্ষক স্বল্পতা রয়েছে।

### স্বাস্থ্য

৫০ বেডের একটি আধুনিক হাসপাতাল রয়েছে। এক্স-রে মেশিন, এম্বুলেন্স নেই। শহরের সন্নিকটে একটি চক্ষু হাসপাতাল আছে।

### শিল্প

এ উপজেলায় তেমন কোন শিল্প কারখানা নেই। '৮০ সালে 'মৌলভী টেক্সটাইল' নামে একটি শিল্প কারখানা স্থাপন করা হয়। এছাড়া দু'একটি অটোমেটিক রাইস মিল ছাড়া তেমন কোন শিল্প নেই। এ ব্যাপারে সরকারী পৃষ্ঠপোষকতা জোরদার করা দরকার।

### যোগাযোগ

এ উপজেলায় মোট ১০৪ মাইল রাস্তা রয়েছে। পাকা রাস্তা ২৮ মাইল এবং কাঁচা রাস্তা মোট ৭৬ মাইল, নদী পথে রয়েছে মোট ৩৭ মাইল।